দৈনিক জনকণ্ঠ

তারিখ JUL 6 1999
পৃষ্ঠা ৩ কলাম ৪

188

# শিক্ষা সচিবের সাথে কলেজ শিক্ষক পরিষদ নেতৃবৃন্দের সাক্ষাত

গত ৪ জুলাই বিকালে বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের সভাপতি অধ্যক্ষ আলী আকবর খান ডলারের নেতৃত্বে ৭ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধি দল সচিবালয়ে শিক্ষা সচিবের সাথে সাক্ষাত করেন। নেতৃবৃন্দ সম্প্রতি বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের ৮৩ জন প্রভাষকের চাকরি ক্যাডার বহির্ভূত পদে স্থায়ীকরণের ত্রুটিপূর্ণ প্রজ্ঞাপনটি নিয়ে সচিবের সাথে আলোচনা করেন। শিক্ষাসচিব নেতৃবৃন্দের বক্তব্য ধৈর্য ধরে শোনেন এবং বিধি মোতাবেক পদক্ষেপ গ্রহণ ও সংশোধনের আশ্বাস দেন। প্রতিনিধি দলের মধ্যে প্রেসিডিয়াম সদস্য মাহফুজা চৌধুরী, সিদ্দিকুর রহমান এবং মহাসচিব অধ্যাপক শাহজাহান মিয়াসহ কেন্দ্রীয় নেতা মোঃ এনামুল হক খান, মোঃ হুমায়ুন কবির ও আবু সুফিয়ান উপস্থিত ছিলেন। –বিজ্ঞপ্তি।